গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিআরভিএস শাখা
www.cabinet.gov.bd

বিষয়: সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস) সংক্রান্ত স্টিয়ারিং কমিটির চতুর্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ শফিউল আলম
সভার তারিখ : ১২ নভেম্বর ২০১৭
সময় : দুপুর ১২ঘটিকা ০০.
সভার স্থান : মন্ত্রিপরিষদ কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সিআরভিএস সংক্রান্ত কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগ সমন্বিত ভাবে কাজ করবেন মর্মে আশা প্রকাশ করে আলোচ্যসূচি অনুযায়ী সভার পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়)-কে অনুরোধ করেন।

আলোচনা

০২। আলোচ্যবিষয়-১: বিগত সভার কার্যবিবরণ দৃঢ়করণ।

তৃতীয় সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন বা পরিমার্জন থাকলে তা উপস্থাপনের জন্য উপস্থিত সদস্যগণের নিকট আহবান করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধন পরিমার্জনের প্রয়োজন নেই মর্মে উপস্থিত সদস্যগণ জানান।

সিদ্ধান্ত: সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস) সংক্রান্ত স্টিয়ারিং কমিটির তৃতীয় সভার কার্যবিবরণী এতদ্বারা দৃঢ়ীকরণ করা হলো।

০৩। আলোচ্যবিষয়-২: বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি।

অতিরিক্ত সচিব (সমন্বয়) সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন।

| ক্রম | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি ও পর্যালোচনা |
|---|---|---|
| ১. | For faster, smoother and more effective implementation of the CRVS system in Bangladesh a CRVS Implementation Committee is approved including the suggestions made by the members of the Committee; | সিদ্ধান্ত মোতাবেক কমিটির প্রজ্ঞাপন গত ১১ মে ২০১৬ তারিখে জারি করা হয়েছে। |
| ২. | The CRVS Secretariat will further speed up its activities to complete the ongoing implementations of 2nd meetings decisions; | মন্ত্রণালয় ভিত্তিক প্রকল্প সমূহের অগ্রগতি বিস্তারিতভাবে সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির সভায় উপস্থাপন করতে হবে। |

| ক্রম | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি ও পর্যালোচনা |
|---|---|---|
| ৩. | The Directorate General of Secondary and Higher Education, Ministry of Education can provide necessary funding for expenses of the planned pilot involving the Secondary and Higher Education System in the Narshingdi District. | সিদ্ধান্ত মোতাবেক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর নরসিংদী জেলায় পাইলটিং করার উদ্যোগ নিয়েছিল। এ পর্যায়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং কারিগরি শিক্ষার্থীদের প্রোফাইল তৈরীর জন্য সমন্বিত পদক্ষেপ গ্রহণ করা হয়। ফলে পাইলটিং করা সম্ভব হয়নি। তবে BANBEIS এর মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক একটি ডিপিপি প্রনয়ণ করে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। |
| ৪. | The CRVS Implementation Committee will organize an International Conference on CRVS to be held in March 2017; | গত ২৩ মে ২০১৭ তারিখে আলোচ্য International Conference on CRVS আয়োজনের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়। কিন্তু বিশেষ পরিস্থিতির উদ্ভব হওয়ায় অনিবার্য কারণে তা স্থগিত করা হয়। উক্ত কনফারেন্স আয়োজনের জন্য পুনরায় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। সভায় মাননীয় অর্থ মন্ত্রী মহোদয়কে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে অংশগ্রহণের অনুরোধ করা হয়। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী ২৩-২৫ জানুয়ারী ২০১৮ তারিখে এটি আয়োজনের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। |
| ৫. | The Secretary, Local Government Division will decide on the proposed Birth Registration Month; | স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী জানান যে জন্ম নিবন্ধন মাস আয়োজন করা ব্যয় বহুল ও শ্রমসাধ্য বিধায় এতে মন্ত্রণালয়ের নিয়মিত কাজের ব্যাঘাত ঘটতে পারে। তিনি এর পরবর্তে জন্ম নিবন্ধন সপ্তাহ পালনের প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে ঐক্যমত পোষণ করা হয়। |
| ৬. | The proposed "UID for former Indian enclave people" will remain postponed until the issue of citizenship is legally solved by the Ministry of Home Affairs; | সভায় জানানো হয় যে, ছিট মহলের অধিবাসীদের ভোটার আইডি কার্ড প্রদান করা হয়েছে। তবে অনূর্ধ্ব ১৮ বছরের নারী পুরুষের জন্ম নিবন্ধন করার উপর গুরুত্বারোপ করা হয়। এ প্রেক্ষাপটে নির্বাচন কমিশন কর্তৃক যাদেরকে NID প্রদান করা হয়েছে তাদেরকে ১০ ডিজিটের UID প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। Technical support এর জন্য a2i এর সাহায্য নেয়া যেতে পারে। |
| ৭. | On policy level, the Steering Committee unanimously agreed that the current Registrar General (Birth and Death) under the Local Government Division would be the Registrar General for all sorts of civil registrations, citizenship and authentication. In this regard, the CRVS Secretariat will review the existing legal structure of the | Bloomberg Data for Health Initiative এর কারিগরি সহায়তায় তৈরী কৃত রিভিউ প্রতিবেদনের সুপারিশের আলোকে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ও অন্যান্য প্রচলিত আইনের মধ্যে CRVS বাস্তবায়ন সংক্রান্ত অসংগতি পর্যালোচনা করে প্রতিবেদন দেয়ার জন্য অতিরিক্ত সচিব (সমন্বয়)-কে আহবায়ক করে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি (সিআরভিএস এর সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ) গঠন করা প্রয়োজন। উক্ত কমিটি CRVS এর কোন অংশ কোন কর্তৃপক্ষ বাস্তবায়ন করবে সেটি নির্ধারণ করবে এবং সংশ্লিষ্ট আইনগুলোর অসংগতি পর্যালোচনা করবে। একইসঙ্গে পরিসংখ্যান আইন ২০১৩ এ |

| ক্রম | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি ও পর্যালোচনা |
|---|---|---|
| | country to establish an all-encompassing Registrar General for Bangladesh and submit a report; | National Population Register তৈরী করার জন্য পরিসংখ্যান বিভাগকে যে মেন্ডেট দেয়া হয়েছে সেটা review করতে হবে। <br> প্রাইমারি শিক্ষা বিভাগের একটি ডাটাবেইজ আছে যেখানে ১ কোটি ৩০ লক্ষ বাচ্চাকে বৃত্তি প্রদান করা হচ্ছে। উক্ত ডাটাবেইজ এবং অন্যান্য সংস্থা সমূহের তথ্য যাচাই করে জন্ম নিবন্ধন ডাটাবেইজের Duplication দূর করা যেতে পারে। |
| ৮. | The CRVS Secretariat be institutionalized as soon as possible; | সিআরভিএস সচিবালয় মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় স্থাপন করা হয়েছে। সেখানে Technical Support for CRVS System Improvement in Bangladesh প্রকল্পের কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত প্রকল্পে লিয়েনে ২জন সরকারী কর্মকর্তা Vital Strategies-এর পক্ষ হতে Country Coordinator হিসাবে কর্মরত আছেন। সভায় সিআরভিএস কার্যক্রমের ব্যাপ্তি বিবেচনায়, সুষ্ঠু পরিবীক্ষণের স্বার্থে প্রকল্পের আওতায় স্থানীয় পর্যায়ে কর্মী নিয়োগ এবং সিআরভিএস সচিবালয়ে স্থায়ী জনবল নিয়োগের বিষয়ের দ্রুত পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়। |
| ৯. | The CRVS Implementation Committee will prepare a time-bound Action Plan integrating all related databases for CRVS implementation; | সিদ্ধান্ত মোতাবেক শুরুতে একটি সমন্বিত প্রকল্পের আওতায় সিআরভিএস সার্বিক কর্মকান্ড পরিচালনার জন্য ব্যবস্থা নেয়া হয়েছিল এবং একটি DPP প্রণয়ন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছিল। পরবর্তীতে পরিকল্পনা কমিশন থেকে সিআরভিএস এর সঙ্গে সংশ্লিষ্ট রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ, আইন ও বিচার বিভাগ, বেনবেইস, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নিজ নিজ কার্যক্রম/কর্মসূচি/প্রকল্প পৃথকভাবে তৈরীর পরামর্শ দেয়া হয়। সে মতে বিভিন্ন বিভাগ ও মন্ত্রণালয় থেকে আলাদা আলাদা প্রকল্প প্রনয়ণ ও বাস্তবায়ন করা হচ্ছে। সভায় বাস্তবায়ণকারী সংস্থা/অধিদপ্তরের মধ্যে Data interoperability বজায় রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নিতে হবে মর্মে ঐক্যমত প্রকাশ করা হয়। |
| ১০. | The CRVS Secretariat will take necessary steps to implement the signed MoUs as soon as possible. | সমঝোতা স্মারক বাস্তবায়নের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

সিদ্ধান্ত:

২.১ সিআরভিএস এর কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে তৃতীয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সিআরভিএস সচিবালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২.২ আগামী ২৩-২৫ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠেয় International Conference on CRVS এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় অর্থ মন্ত্রী মহোদয়কে প্রধান অতিথি হিসাবে রাখার ব্যবস্থা নিতে হবে।

২.৩ স্থানীয় সরকার বিভাগ আগামী ২০১৮ সালের মার্চের মধ্যে জন্ম নিবন্ধন সপ্তাহ পালন করা যেতে পারে।

২.৪ ছিট মহল এলাকায় নির্বাচন কমিশন কর্তৃক যাদেরকে NID প্রদান করা হয়েছে তাদেরকে ১০ ডিজিটের UID প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া অনূর্ধ্ব ১৮ বছর বয়সের নারী পুরুষের জন্ম নিবন্ধনের বিষয়ে উদ্যোগ নিতে হবে।

২.৫ সিআরভিএস-২ প্রকল্পের আওতায় স্থানীয় পর্যায়ে পরিবীক্ষণ কর্মকর্তা এবং সিআরভিএস সচিবালয়ে স্থায়ী জনবল নিয়োগের বিষয়ের প্রয়োজনীয় প্রশাসনিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

২.৬ Bloomberg Data for Health Initiative এর কারিগরি সহায়তায় তৈরী কৃত রিভিউ প্রতিবেদনের সুপারিশের আলোকে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ও অন্যান্য প্রচলিত আইনের মধ্যে CRVS বাস্তবায়ন সংক্রান্ত অসংগতি পর্যালোচনা করে প্রতিবেদন দেয়ার জন্য নিম্নরূপ একটি পর্যালোচনা কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ | – আহবায়ক। |
| ২. | রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ | – সদস্য। |
| ৩. | মহাপরিচালক, এনআইডি উইং, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয় | – সদস্য। |
| ৪. | যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ | – সদস্য। |
| ৫. | যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ | – সদস্য। |
| ৬. | যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ | – সদস্য। |
| ৭. | যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসাশিক্ষা বিভাগ | – সদস্য। |
| ৮. | যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ | – সদস্য। |
| ৯. | যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | – সদস্য। |
| ১০. | যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), জননিরাপত্তা বিভাগ | – সদস্য। |
| ১১. | যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ | – সদস্য। |
| ১২. | যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | – সদস্য। |
| ১৩. | যুগ্মসচিব (বাজেট), আইন ও বিচার বিভাগ | – সদস্য। |
| ১৪. | পরিচালক (সংশ্লিষ্ট), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | – সদস্য। |
| ১৫. | পরিচালক (উন্নয়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | – সদস্য। |
| ১৬. | পরিচালক, ব্যানবেইস, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ | – সদস্য। |
| ১৭. | পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ | – সদস্য। |
| ১৮. | পরিচালক (সংশ্লিষ্ট), আইসিটি অধিদপ্তর, তথ্য প্রযুক্তি বিভাগ | – সদস্য। |
| ১৯. | উপসচিব (সামাজিক নিরাপত্তা ও সিআরভিএস), মন্ত্রিপরিষদ বিভাগ | – সদস্য। |
| ২০. | পলিসি এডভাইজার, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয় | – সদস্য। |
| ২১. | কনসালটেন্ট-সিআরভিএস, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয় | – সদস্য। |

**কর্ম-পরিধি:** উক্ত কমিটি CRVS এর কোন অংশ কে বস্তবায়ন করবে সেটি নির্ধারণ; সংশ্লিষ্ট আইনগুলোর অসংগতি পর্যালোচনা; এবং একটি সমন্বিত সিআরভিএস বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় আইনী কাঠামো সুপারিশ করবে। কমিটি প্রয়োজনে এক/একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৪। আলোচ্যবিষয়-৩: নতুন সদস্য অর্ন্তভুক্তকরণ।

সিআরভিএস স্টিয়ারিং কমিটির তৃতীয় সভার পর হতে ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিভাজিত হয়ে কয়েকটি নতুন বিভাগ সৃষ্টি হওয়ার দরুন বর্তমান কমিটিতে বর্ণিত পুরাতন ৩জন সদস্যের পরিবর্তে নতুন ৬ জন সদস্য অন্তর্ভুক্ত করা যেতে পারে।

**সিদ্ধান্ত:** সিআরভিএস স্টিয়ারিং কমিটিতে (১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, (২) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, (৩) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, (৪) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (৫) সচিব, জননিরাপত্তা বিভাগ, এবং (৬) সচিব, সুরক্ষা সেবা বিভাগকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হলো। মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় অনুবিভাগ এতদসঙ্গে বিদ্যমান প্রজ্ঞাপন সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩২২

০৫। আলোচ্যবিষয়-৪: CRVS++ মডেল সংক্রান্ত উপস্থাপনা।

বিশ্বব্যাপী সিআরভিএস-এর যে ধারণা প্রচলিত আছে তার সঙ্গে বাংলাদেশে মাইগ্রেশন (ইন এবং আউট), শিক্ষা এবং ISDP (Integrated Service Delivery Platform) যোগ করে বর্তমানে এটি CRVS++ মডেলে রূপান্তরিত হয়েছে। এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i কর্মসূচির পলিসি এডভাইজার একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। তিনি বলেন, সাধারণ নাগরিকের সঙ্গে জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সরকারের যে মিথষ্ক্রিয়াগুলো সম্পন্ন হয় সরকারের প্রতিটি বিভাগ সেটিকে আলাদা আলাদা সম্পাদন করে থাকে। CRVS++ এর মাধ্যমে সেই সকল মিথষ্ক্রিয়াগুলো whole-of-government approach-এর মাধ্যমে একটি সমন্বিত ব্যবস্থা হিসাবে ISDP-এর মাধ্যমে ব্যবস্থাপনা করা হবে। টেকনিক্যালি সেই সিঙ্গেল পয়েন্টটি হবে এনআইডি এর মাধ্যমে সিআরভিএস সিআরভিএস সচিবালয়। সিআরভিএস-এর আওতায় ব্যবহৃত সকল আইডি-এর সমন্বয়ের সঙ্গে সঙ্গে প্রক্রিয়াগত সমন্বয় (Process alignment)- এর বিষয়টিও জড়িত। এজন্য একটি কোঅর্ডিনেশন প্রকল্প বাস্তবায়ন করা জরুরি। সিআরভিএস বাস্তবায়ন কমিটির আওতায় একটি টেকনিক্যাল কমিটি গঠন করলে Data interoperability স্থাপন করার কাজগুলো আরো গতিশীল হবে। উক্ত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর পর কালীগঞ্জ মডেলটি উপস্থিত সকলের অবগতির জন্য উস্থাপন করা হয়। কালীগঞ্জ মডেলটি দেশের অন্যান্য উপজেলায় বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ থেকে একটি প্রজ্ঞাপন জারি করে সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী কর্মকর্তাকে সম্পৃক্ত করার প্রয়োজনীয়তা সম্পর্কে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত:

৫.১ Data interoperability স্থাপন করার জন্য সিআরভিএস বাস্তবায়ন কমিটির আওতায় একটি টেকনিক্যাল কমিটি গঠন করার বিষয়ে উক্ত কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫.২ কালীগঞ্জ মডেলটি অন্যান্য উপজেলায় বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ থেকে একটি প্রজ্ঞাপন জারি করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সম্পৃক্ত করতে হবে।

৫.৩ CRVS Implementation Coordination Project বাস্তবায়নের নিমিত্ত ডিপিপি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।

০৬। আলোচ্যবিষয়-৫: International Conference on CRVS এর লোগো নির্ধারণ।

আগামী ২৩-২৫ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠেয় International Conference on CRVS, 2018- এ ব্যবহারের জন্য CRVS++ -এর একটি প্রস্তাবিত লোগো উপস্থাপন করা হয়। চারপাশে সবুজ বর্ডার এর ডানদিকের উপরের কর্নারে "++" লেখা এবং বক্সের মধ্যে সিআরভিএস এর সকল কম্পোনেন্টের লগো এর রং দিয়ে রংধনু রঙ এ সাজানো সিআরভিএস লেখা সম্বলিত লগোটি উক্ত কনফারেন্সের লগো হিসাবে ব্যবহারের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** উপস্থাপিত CRVS++ লোগোটি আপাতত কনফারেন্সে ব্যবহার করা যেতে পারে, তবে a2i এর ডিজাইনারদের দ্বারা লোগোটি মূল ধারণা ঠিক রেখে পরবর্তীতে আরো আকর্ষনীয় করার পাশাপাশি একটি ট্যাগলাইন যোগ করা যেতে পারে।

০৭। আলোচ্যবিষয়-৬: International Conference on CRVS, 2018

আগামী ২৩-২৫ জানুয়ারি ২০১৮ তারিখে প্যান প্যাসিফিক সোনারগা হোটেলে International Conference on CRVS, 2018 অনুষ্ঠিত হবে। কনফারেন্সের ধারণাপত্র, অনুষ্ঠানসুচি, সেমিনার পরিকল্পনা এবং বাজেট বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত:

৬.১. আগামী ২৩-২৫ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠেয় International Conference on CRVS, 2018 আয়োজনের জন্য উপস্থাপিত কনফারেন্সের ধারণাপত্র, অনুষ্ঠানসুচি, সেমিনার পরিকল্পনা এবং বাজেট অনুযায়ী

সম্পন্ন করতে হবে। এজন্য গঠিত বাস্তবায়ন কমিটি কনফারেন্সটি আন্তর্জাতিক মান সম্পন্ন এবং আকর্ষণীয় করে আয়োজনের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।

৬.২. বর্ণিত কনফারেন্স আয়োজনের জন্য বাজেট বিভাজনসহ চাহিদাপত্র অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৮। **আলোচ্যবিষয়-৭: আইসিটি অধিদপ্তরকে সিআরভিএস বাস্তবায়ন কমিটির সদস্য হিসাবে অর্ন্তভূক্তকরণ।**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আইসিটি অধিদপ্তরকে সিআরভিএস বাস্তবায়ন কমিটির সদস্য হিসাবে অর্ন্তভূক্ত করা বিষয়ে প্রাপ্ত প্রস্তাবের বিষয়ে সভায় বিস্তারিত আলচোনা করা হয়। সভায় এ বিষয়ে ঐকমত্য পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আইসিটি অধিদপ্তরকে সিআরভিএস বাস্তবায়ন কমিটির সদস্য হিসাবে অর্ন্তভূক্ত করা হলো।

০৯। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৩.১১.১৭

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব